সংবাদ

তারিখ 28 APR 2009
পৃষ্ঠা ১২ কলাম ৫

# শিক্ষার হার বাড়াতে 'ওয়ান ম্যান টিচিং সেন্টার' চালু হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষার হার বাড়ানো ও প্রাথমিক পর্যায়ে ঝরেপড়া রোধ করার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে 'ওয়ান ম্যান টিচিং সেন্টার' চালু করতে যাচ্ছে সরকার। খুব শিগগিরই এ বিষয়ে কাজ করা হবে বলে জানান তিনি। এ কর্মসূচির মাধ্যমে দেশের প্রতিটি গ্রামে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী ও বেকার যুবকরা তাদের নিজ বাসস্থানে প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী ছাত্রছাত্রীদের শিক্ষাদান করবেন। এতে করে দেশের শিক্ষার হার বাড়ার পাশাপাশি অর্থের

চালু : পৃ: ২ ক: ৪

## চালু হচ্ছে

(১২ পৃষ্ঠার পর)

অভাব এবং অন্যান্য কারণে যেসব শিশু শিক্ষাবঞ্চিত হচ্ছে তারা শিক্ষালাভ করতে পারবে।

গতকাল সোমবার সমাজকল্যাণ মন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ তার কার্যালয়ে 'সংবাদ'র সঙ্গে আলাপকালে এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, আমাদের দেশে অনেক শিশু অর্থের অভাবে শিক্ষাগ্রহণ করতে পারছে না। আবার অনেকে বিদ্যালয় দূরবর্তী স্থানে হওয়ায় স্কুলে যেতে পারছে না। এসব শিশুর কথা বিবেচনা করেই সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে প্রতিটি গ্রামে একটি করে স্বেচ্ছা কর্মভিত্তিক প্রাথমিক বিদ্যালয় চালু করার সিদ্ধান্ত নেয়া হচ্ছে। আগামী বাজেটে বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে বলে জানান তিনি। মন্ত্রণালয় ইতোমধ্যেই বিষয়টির প্রস্তাবনা তৈরি করেছে।